



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৫১৫০১/বাগেরহাট-১৩৯/ ২২৭১৬

তারিখঃ ৪.০৯.২০১৯খ্রি.

বিষয়ঃ- অভিযোগ থেকে অব্যাহতি ও সতর্কীকরণ প্রসঙ্গে

- ১) সূত্র : নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৫১৫০১/২১৯৬/৬/বাগের-১৩৯; তারিখ: ৪/১০/২০১৮ খ্রি.
- ২) সূত্র : নং-০৫.৪৪.০১০০.০১৮.৫২.০৭২.১৮-৯২; তারিখ: ১৮/০৩/২০১৯ খ্রি.
- ৩) সূত্র : নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৫১৫০১//বাগেরহাট-১৩৯/২২৭৮/৩; তারিখ: ২৬/০৬/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক বিউটি বেগম এর বিরুদ্ধে সহ-সুপার উপজেলা নির্বাহী অফিসারের নিকট একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সহকারী শিক্ষককে অভিযুক্ত করে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। পরবর্তীতে অভিযুক্ত সহকারী শিক্ষক উপজেলা নির্বাহী অফিসারের প্রতিবেদনের উপর অনাস্থা জানিয়ে বোর্ডে উচ্চতর তদন্তের আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা প্রশাসক, বাগেরহাটকে পত্র প্রেরণ করা হয়। জেলা প্রশাসক, বাগেরহাট সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তাতে দেখা যায় সহ সুপার মাদ্রাসার সুপারের দায়িত্বে থাকাকালীন বিদ্রোহপ্রসূত হয়ে সহকারী শিক্ষক বিউটি বেগমকে হয়রানির উদ্দেশ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট অসত্য অভিযোগ দায়ের করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সহ-সুপারকে সূত্রোক্ত ৩ নং স্মারকে মাদ্রাসার সহকারী শিক্ষককে হয়রানির বিষয়ে জবাব দাখিল করার জন্য কারণ দর্শানো পত্র দেওয়া হয়। পত্রের জবাবে সহ-সুপার তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং উভয়পক্ষ মিলেমিশে কাজ করবেন মর্মে অজ্ঞিকারপত্র জমা দিয়েছেন।

বর্ণিত অবস্থায় সহ-সুপার তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করায় ও উভয়পক্ষ মিলেমিশে কাজ করার অজ্ঞিকারপত্র জমা দেওয়ায় সহ-সুপারকে বোর্ড কর্তৃক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে অব্যাহতি দেওয়া হলো। একইসাথে ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৪:

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
সহ-সুপার,
বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১৫১৫০১/বাগেরহাট-১৩৯/ ২২৭১৬

তারিখঃ ৪.০৯.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
৪. সুপার, বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
৫. বিউটি বেগম (সহকারী শিক্ষক), চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা;
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৪.০৯.১৯

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪